কালের কণ্ঠ
শুক্রবার। ৭ ফেব্রুয়ারি ২০২০। ২৪ মাঘ ১৪২৬
e-mail : business@kalerkantho.com



ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ষষ্ঠ সমাবর্তনে গতকাল কৃতী শিক্ষার্থীদের পদক পরিয়ে দেন শিক্ষামন্ত্রী ডা.দীপু মনি। ছবি : কালের কণ্ঠ

ইউআইইউয়ের সমাবর্তন

# 'শিক্ষকদের হতে হবে সমাজের রোল মডেল'

**নিজস্ব প্রতিবেদক ▷**

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, শিক্ষকরাই হবেন শিক্ষার মূল নিয়ামক শক্তি। সততা, নৈতিকতা, চরিত্র, জ্ঞান, দক্ষতা ও যোগ্যতায় শিক্ষকদের হতে হবে সমাজের রোল মডেল। তবে বর্তমানে শিক্ষকদের আরো দায়িত্বশীল হতে হবে। সরকার শিক্ষকদের সুযোগ-সুবিধা বাড়াতে সচেষ্ট রয়েছে।

গতকাল বৃহস্পতিবার ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ইউআইইউ) ষষ্ঠ সমাবর্তনে রাষ্ট্রপতির প্রতিনিধি হিসেবে সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন। রাজধানীর মাদানী এভিনিউর বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাসে এই সমাবর্তন অনুষ্ঠিত হয়।

শিক্ষামন্ত্রী বলেন, বিশ্ববিদ্যালয়গুলো হবে সুস্থ চিন্তা ও সুস্থ প্রতিযোগিতার স্থান। এ জন্য যুগের চাহিদা বিবেচনা করে বিশ্ববিদ্যালগুলোতে বিষয় চালু করতে হবে। জ্ঞানভিত্তিক সমাজ বিনির্মাণ ও ডিজিটাল বাংলাদেশ গড়তে বিশ্ববিদ্যালয়গুলোকে অধিকতর কার্যকর ভূমিকা পালন করতে হবে। বিশ্ববিদ্যালগুলোকে পড়ালেখার পাশাপাশি গবেষণা ও মানবিক গুণাবলি বিকাশের জন্য কাজ করতে হবে। তাহলেই আগামী প্রজন্ম যোগ্য নেতৃত্বের মাধ্যমে দেশকে এগিয়ে নিয়ে যেতে পারবে।

মন্ত্রী বলেন, 'আমরা ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে উন্নত দেশ হিসেবে বিশ্বে জায়গা করে নিতে চাই। এ জন্য আমাদের সীমিত সম্পদ ও বিশাল মানবসম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। আর এই কাজে দারিদ্র্য দূরীকরণে শিক্ষাই হলো মূল কৌশল।' সমাবর্তন বক্তা ও প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা গওহর রিজভী বলেন, 'অর্জিত জ্ঞান শুধু সার্টিফিকেট লাভের উদ্দেশ্যে সীমাবদ্ধ না রেখে দেশ ও জাতির সেবায় আত্মনিয়োগ করতে হবে।'

ইউআইইউ উপাচার্য অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমান শিক্ষার্থীদের ভালো মানুষ হওয়ার পাশাপাশি সমাজ ও দেশের মানুষের কল্যাণে নিজেদের আত্মনিয়োগ করার আহ্বান জানান।